

১৫

সরকারী কলেজ প্রভাষক
সমিতির সিদ্ধান্ত

দাবী না মানলে ১লা জুন
থেকে কর্মবিরতি

বাংলাদেশ সরকারী কলেজ
প্রভাষক সমিতির সাধারণ সভায়
আহ্বায়ক কমিটির ১২ দফা দাবীনার
প্রতি পূর্ণ সমর্থন জানানো হয়।

সরকারী বাংলা কলেজের বাংলা
বিভাগের প্রভাষক কামাল আতাউর
রহমানের সভাপতিত্বে গত শুক্রবার
সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায়
৩০শে মে'র মধ্যে ১২ দফা দাবী মেনে
নেয়া না হলে ১লা জুন থেকে
কর্মবিরতি এবং ২৫শে জুনের মধ্যে
দাবী না মানলে ৩০শে জুন থেকে
অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষা বর্জনের
সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহীত হয়।
খবর সংবাদ বিজ্ঞপ্তির।